

বরাবর

জেলা মৎস্য কর্মকর্তা
রাংগামাটি পার্বত্য জেলা।

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ- উন্নত চিকিৎসার জন্য বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরীর জন্য আবেদন।

জনাব

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি দীপ্তি চাকমা, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা মৎস্য দপ্তর, বাঘাইছড়ি, রাংগামাটি হিসেবে কর্মরত আছি। আমি ২০০৬ ইং সালে মোটর সাইকেল দুর্ঘটনায় কোমরে আঘাতপ্রাপ্ত হয়ে এখনো বিভিন্ন শারীরিক জটিলতায় চিকিৎসাধীন আছি। এমতাবস্থায় ২০২৩ সালের এপ্রিলে আমার কোমর ব্যাথা ও অন্যান্য শারীরিক অসুস্থতার মাত্রা বেড়ে যাওয়ায় গত ১২/০৬/২০২৩ খ্রি: যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে উন্নত চিকিৎসার জন্য পাশ্চাত্তম দেশ ভারতের সিএমসি, ভেলোর, তামিলনাড়ুতে যাই এবং আমার চিকিৎসা অদ্যাবধি চলমান আছে। সেখানে ডাক্তার সব পরীক্ষা নিরীক্ষার পর আমার “পারকিনসন রোগ” নির্ণয় করে এবং ৬ (ছয়) মাস চিকিৎসা শেষে পুন:রায় চেকআপে যাওয়ার জন্য প্রেসক্রাইপ করেন (চিকিৎসাপত্র সংযুক্ত)। এরই পরিপ্রেক্ষিতে আমার আগামী ২৯/০১/২০২৪ খ্রি: হতে ২৭/০২/২০২৪ খ্রি: পর্যন্ত ১ (এক) মাসের অথবা ছুটি ভোগ করার তারিখ হতে অর্জিত ছুটি ও বহিঃ বাংলাদেশ ছুটি প্রয়োজন। আমার ছুটি জমা আছে এবং আমি নির্ধারিত ফরমে ছুটির আবেদন করছি (সংযুক্ত)।

উল্লেখ্য যে, উক্ত ভ্রমণ ও চিকিৎসার যাবতীয় খরচ আমার ব্যক্তিগত সঞ্চিতে অর্থ হতে মিটানো হবে এবং এতে সরকারী কোন আর্থিক সংশ্লেষ থাকবেনা। সুতরাং প্রার্থিত অর্জিত ছুটি মঞ্জুর করার জন্য মহোদয়ের নিকট আবেদন করছি।

অতএব, মহোদয় কৃপাবিতরণ পূর্বক আমার কোমর ব্যাথার উন্নত চিকিৎসার জন্য আমাকে আগামী ২৯/০১/২০২৪ খ্রি: হতে ২৭/০২/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত ১ (এক) মাসের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করতে ভারত গমনের অনুমতি প্রদানে মহোদয়ের সদয় মর্জি হয়।

সংযুক্তঃ-

- ১। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১ কপি।
- ২। অর্জিত ছুটির ফরম ১ কপি।
- ৩। বিদেশ ভ্রমণের আবেদন ফরম ১ কপি।
- ৪। আয় ও ব্যয়ের বিবরণী ১ কপি।
- ৫। চিকিৎসকের ব্যবস্থাপত্র ও পরীক্ষার রিপোর্ট ও পাতা।
- ৬। প্রত্যয়নপত্র ১ কপি।
- ৭। অঙ্গীকারনামা ১ কপি।

তারিখ:- ২১/০২/২০২৩ খ্রি:

বিনীত নিবেদক
আপনার একান্ত অনুগত



দীপ্তি চাকমা
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বাঘাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বাঘাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।

পত্র নং- ৩৩.০২.৮৪০৭.৫০১.০৪.০০১.১৬.৯১


তারিখ: ২১/১২/২০২৩ খ্রি:

জেলা মৎস্য কর্মকর্তা
রাংগামাটি পার্বত্য জেলা।

বিষয়ঃ- জনাব দীপ্তি চাকমা, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা মৎস্য দপ্তর, বাঘাইছড়ির
বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন পত্র প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের জনাব দীপ্তি চাকমা, অফিস সহকারী
কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা মৎস্য দপ্তর, বাঘাইছড়ি, রাংগামাটি এর বহিঃ বাংলাদেশ ছুটির আবেদনসহ
সংশ্লিষ্ট কাগজ পত্রাদি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত:- বর্ণনামতে (৯) পাতা।


২১/১২/২০২৩
নব আলো চাকমা
উপজেলা মৎস্য কর্মকর্তা (ভা:প্রাঃ)
বাঘাইছড়ি, রাংগামাটি পার্বত্য জেলা।